

# ১৫তম শিক্ষক নিবন্ধনের প্রিলি ও লিখিত পরীক্ষার তারিখ ঘোষণা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১৮ মার্চ ২০১৯, ১৯:২৭  
আপডেট: ১৮ মার্চ ২০১৯, ১৯:২৯



১৫তম শিক্ষক নিবন্ধনের প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষার তারিখ নির্ধারণ করা হয়েছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসি) আজ সোমবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

এনটিআরসি

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ১৯ এপ্রিল শুক্রবার সকাল

১০টা থেকে ১১টায় স্কুল ও স্কুল পর্যায়-২-এর প্রিলিমিনারি

পরীক্ষা অনুষ্ঠিত হবে। ওই দিন বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত কলেজ পর্যায়ের প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ছাড়া ২৬ জুলাই শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত স্কুল ও স্কুল পর্যায়-২-এর লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এরপর দিন ২৭ জুলাই কলেজ পর্যায়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই লিখিত পরীক্ষা সকাল ৯টা থেকে দুপুর ১২ পর্যন্ত চলবে।

নিবন্ধনের প্রিলিমিনারি পরীক্ষার প্রবেশপত্র এনটিআরসি ওয়েবসাইটে আপলোড করে দেওয়া হবে এবং টেলিটেক থেকে খুদে বার্তা পাঠিয়ে প্রার্থীদের এ বিষয়ে জানানো হবে। প্রবেশপত্রে প্রিলিমিনারি পরীক্ষার ভেন্যু ও তারিখ উল্লেখ থাকবে।



উল্লেখ্য, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগের জন্য গত বছরের ২৮ নভেম্বর ১৫তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। মামলাজনিত কারণে প্রায় এক বছর পর এ পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করে এন্টিআরসিএ। এরপর ৫ ডিসেম্বর থেকে অনলাইনে আবেদন কার্যক্রম শুরু হয়ে ২৬ ডিসেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ চলে।